



বিজেএমসি বিজ্ঞাপন

বিষয়: প্রিন্টিং প্রেস এবং ইলেক্ট্রনিক মিডিয়াকে তালিকাভুক্তকরণ

উপর্যুক্ত বিষয়ের পরিশ্রেফিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পাটকল করপোরেশন (বিজেএমসি)'র বিভিন্ন পাবলিকেশন ও প্রচার প্রচারণামূলক কাজ সম্পাদনের জন্য প্রিন্টিং প্রেস এবং ইলেক্ট্রনিক মিডিয়ার নিকট হতে নিম্নলিখিত শর্তাবলীর আলোকে পুন:রায় আবেদন আহবান করা যাচ্ছে।

শর্তাবলী:

- ১। আগ্রহী প্রতিষ্ঠানকে নিজস্ব প্যাডে সিলগালা খামে আগামী ০৩/১০/১৭ তারিখ বিজেএমসি'র জনসংযোগ বিভাগে রক্ষিত বাক্সে দুপুর ১২.০০ টার মধ্যে আবেদন দাখিল করতে হবে এবং ঐদিনই দুপুর ১২.৩০ টার সময় আবেদনসমূহ উপস্থিত প্রতিনিধিগণের সম্মুখে খোলা হবে (যদি কেউ উপস্থিত থাকেন)।
- ২। প্রিন্টিং প্রেস এবং ইলেক্ট্রনিক মিডিয়ার ক্ষেত্রে পৃথক পৃথক আবেদন করতে হবে।
- ৩। আগ্রহী প্রতিষ্ঠানসমূহকে সিকিউরিটি মানি হিসেবে প্রতিটির জন্য ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা বাংলাদেশ পাটকল করপোরেশন বরাবর পে-অর্ডার/ব্যাংক ড্রাফট হিসেবে আবেদনের সাথে দাখিল করতে হবে।
- ৪। বিভিন্ন প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট কাজের পূর্ব অভিজ্ঞতা থাকতে হবে (দরপত্রের সাথে প্রমানক হিসেবে প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে, কার্যদেশের কপি নয়)।
- ৫। দরপত্রের সাথে হালনাগাদ ট্রেড লাইসেন্স, ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট ও আয়কর সনদের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে।
- ৬। পিপিআর ২০০৮ মোতাবেক সকল কার্যাদি সম্পন্ন হবে এবং সরকারের বিধি মোতাবেক সংশ্লিষ্ট কাজের ভ্যাট ও ট্যাক্স কর্তন করা হবে।
- ৭। উল্লেখ্য যে, আগামী ০৩ বছরের জন্য এ তালিকা বলবৎ থাকবে (২০২০ সালের জুন পর্যন্ত)
- ৮। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।
- ৯। শর্তে উল্লেখ নেই এমন যে কোন পরিস্থিতিতে বিজেএমসি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

বিজেএমসি নং :- ১২৭ তারিখঃ ১৯/০৯/১৭

সীমা দাস, ব্যবস্থাপক (জস)